# ইরানে আপাতত সামরিক অভিযান বন্ধের নির্দেশ ট্রাম্পের



সংগৃহীত ছবি

ইরানে আপাতত আর কোনো সামরিক অভিযান না চালানোর নির্দেশ দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার এই সিদ্ধান্তের মধ্য দিয়ে প্রায় দুই সপ্তাহ ধরে চলা ইরানবিরোধী ধারাবাহিক মার্কিন সামরিক হামলা বন্ধ হওয়ার পথে বলে জানিয়েছে সংশ্লিষ্ট সূত্র।

শনিবার (২৫ জুলাই) বিষয়টির সঙ্গে সরাসরি পরিচিত দুটি সূত্রের বরাতে এ তথ্য প্রকাশ করেছে মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস।

প্রতিবেদন অনুযায়ী, ইরানে নতুন করে হামলা না চালানোর সিদ্ধান্তের পেছনে দুটি বিষয়কে গুরুত্ব দিয়েছেন ট্রাম্প। এর মধ্যে অন্যতম হলো কূটনৈতিক যোগাযোগ ও আলোচনার সুযোগ বজায় রাখা। পাশাপাশি পেন্টাগনের অভ্যন্তরীণ মূল্যায়নে উঠে এসেছে, ইরানে বর্তমান মাত্রায় মার্কিন সামরিক অভিযান চালিয়ে যাওয়ার কার্যকারিতা প্রায় সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে।

তবে পরিস্থিতির পরিবর্তন হলে যুক্তরাষ্ট্র আবার বড় ধরনের সামরিক অভিযানে ফিরতে পারে বলেও সূত্রগুলো জানিয়েছে। সম্ভাব্য এমন পরিস্থিতি মোকাবিলায় মার্কিন সামরিক বাহিনী জরুরি প্রয়োজনে ব্যবহারের জন্য বিভিন্ন বিকল্প যুদ্ধ পরিকল্পনা প্রস্তুত করছে।

এখন পর্যন্ত প্রেসিডেন্ট ট্রাম্প নতুন কোনো সামরিক অভিযান অনুমোদন করেননি। তবে ভবিষ্যতে পরিস্থিতি অনুযায়ী সামরিক পদক্ষেপ নেওয়ার সম্ভাবনা একেবারে উড়িয়ে দেওয়া হয়নি।

এ বিষয়ে অ্যাক্সিওসের পক্ষ থেকে হোয়াইট হাউসের সঙ্গে যোগাযোগ করা হলেও তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য পাওয়া যায়নি।